দৈনিক বাংলা

তারিখ 19 JUL 1986
পৃষ্ঠা ৭ কলাম 3

# বাংলাদেশ ইউনেস্কো কমিশনের সভা অনুষ্ঠিত

বাংলাদেশ ইউনেস্কো কমিশনের (বিএনসিইউ) বার্ষিক সাধারণ সভা বুধবার ঢাকায় অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ও কমিশনের চেয়ারম্যান মোমিনউদ্দীন আহমদ এতে সভাপতিত্ব করেন।

বাসস জানায়ঃ জনাব আহমদ সভায় বলেন, কমিশন বিশ্বশান্তি ও সমৃদ্ধির জন্য ইউনেস্কোর বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সভায় আগামী ৪ঠা নবেম্বর ইউনেস্কোর ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী ও ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনের সিদ্ধান্ত নেয়া হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং ইউনেস্কোতে স্থায়ী প্রতিনিধি ও ইউনেস্কো নির্বাহী বোর্ড সদস্য ড: এ মজিদ খান বক্তৃতা করেন।